



গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন বিভাগ
www.gcc.gov.bd

স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.০০৪.১১.০২.২৪.১৯৫

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২
২৫ নভেম্বর ২০২৫

“ দৈনিক মজুরি ভিত্তিক শ্রমিক নিয়োগ বিজ্ঞপ্তি ”

স্থানীয় সরকার বিভাগের ১৭.০৪.২০২৪খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৭১.০৭.০০৪.১৯-২২০ নং স্মারকের অনুমোদনের পরিশ্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশনে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে (No Work No Pay) দৈনিক মজুরি ভিত্তিতে শ্রমিক নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে প্রশাসক, গাজীপুর সিটি কর্পোরেশন বরাবর লিখিত আবেদন আহ্বান করা যাচ্ছে :

ক্র:নং	শ্রমিকের ক্যাটাগরি	শ্রমিক সংখ্যা	দৈনিক মজুরির হার
১	ড্রাইভার	৪০ (চল্লিশ)	৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা
২	ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল কর্মী	৩০ (ত্রিশ)	৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা

০১. যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রে (ক) পদের নাম (খ) প্রার্থীর নাম (গ) পিতা/স্বামীর নাম (ঘ) মাতার নাম (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা (ছ) জন্মতারিখ (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) মোবাইল নম্বর ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করে আগামী ০৮/১২/২০২৫ খ্রি: তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্রটি ডাকযোগে অথবা সরাসরি প্রশাসক, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর বরাবরে পৌছাতে হবে।

দৈনিক ভিত্তিতে নিয়োজিতকরণের ক্ষেত্রে সাময়িক শ্রমিকের যোগ্যতা:

(ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) আবেদন দাখিলের শেষ তারিখে (০৮/১২/২০২৫) আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮-৫৮ বছর হতে হবে;

(গ) শারীরিক ও মানসিকভাবে সক্ষম হইতে হইবে;

(ঘ) শ্রমিক নিয়োজিত করার সময় বয়সের প্রমাণস্বরূপ জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ থাকিতে হইবে ও ড্রাইভিং লাইসেন্স/অভিজ্ঞতা সনদ থাকিতে হবে;

(ঙ) শ্রমিক নিয়োজিত করার সময় সার্বিক সামাজিক আচরণ ও স্বভাব-চরিত্র বিষয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/সিটি কর্পোরেশন/ পৌরসভা এর কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ইতিবাচক প্রত্যয়নপত্র থাকিতে হইবে;

(চ) নূনতম অষ্টম শ্রেণী পাশ হতে হবে;

“শর্তাবলী”:

(ক) প্রার্থীকে দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে:

- শিক্ষাগত যোগ্যতা সনদের ছায়ালিপি।
- জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
- নাগরিকত্বের প্রমাণস্বরূপ স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।
- সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(খ) নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসত্য/ অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং নিয়োগের তারিখ হতে ১(এক) বছরের জন্য প্রযোজ্য হবে।

(ঙ) যে কোন সময় কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে


(নো: আমিন আল পারভেজ)
সচিব
গাজীপুর সিটি কর্পোরেশন